



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
Bangladesh Open University

প্রশাসন বিভাগ, বোর্ড বাজার, গাজীপুর-১৭০৫, ফোন: ৯২৯১১১২, ফ্যাক্স: ৯২৯১১৩০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

বাউবি/তথ্য-৬১/০৩(৬)/বিশ্বঃদিবস/২০১৭/১৭২১

তারিখ: ২০/০৯/২০১৭

আঞ্চলিক পরিচালক (সকল)

... .. আঞ্চলিক কেন্দ্র
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

বিষয়: ‘রজত জয়ন্তী উৎসব’ পালন প্রসঙ্গে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ে আপনি অবগত আছেন যে, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর ২৫ বছর পূর্তি উপলক্ষে আগামী ২১ অক্টোবর ২০১৭ তারিখে ‘রজত জয়ন্তী উৎসব’ সদর দপ্তরে পাশাপাশি ঢাকা আঞ্চলিক কেন্দ্র ব্যতিত ১১টি আঞ্চলিক কেন্দ্রে অনুষ্ঠিত হবে। উক্ত রজত জয়ন্তী উৎসবে বিভিন্ন প্রোগ্রামের শিক্ষার্থীসহ সমন্বয়কারী ও টিউটরগণ ৭০০.০০ (সাতশত) টাকা রেজিস্ট্রেশন ফি প্রদানপূর্বক ‘রজত জয়ন্তী উৎসব’-এ অংশগ্রহণ করতে পারবে। তবে স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে শিক্ষার্থীর সংখ্যা ১৫০ ও সমন্বয়কারী ও টিউটরগণের সংখ্যা ৫০-এর বেশী হবে না।

২। ঢাকা আঞ্চলিক কেন্দ্রের শিক্ষার্থী, সমন্বয়কারী ও টিউটরগণ সদর দপ্তরে আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন। উক্ত আঞ্চলিক কেন্দ্র হতে শিক্ষার্থী, সমন্বয়কারী ও টিউটরসহ সর্বোচ্চ ২,০০০ জন ৭০০.০০ (সাতশত) টাকা রেজিস্ট্রেশন ফি প্রদানপূর্বক ‘রজত জয়ন্তী উৎসব’-এ অংশগ্রহণ করতে পারবে।

এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

নির্দেশক্রমে,

(অধ্যাপক ড. আবুল হোসাইন আহমেদ ভূঁইয়া)
রেজিস্ট্রার (দায়িত্বপ্রাপ্ত)

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১. পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
২. পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি। বিষয়টি বাউবির ওয়েবসাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৩. একান্ত সচিব-১/একান্ত সচিব-২, উপাচার্যের দপ্তর, বাউবি। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৪. সহকারী পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি। প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৫. সহকারী পরিচালক, ট্রেজারার-এর দপ্তর, বাউবি। ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬. পি.এ টু রেজিস্ট্রার, রেজিস্ট্রার-এর দপ্তর, বাউবি। রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭. সংশ্লিষ্ট নথি।

